

মুজিববর্ষের অঙ্গীকার,  
শোভন কর্মপরিবেশ  
হোক সবার



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর  
মহাপরিদর্শকের দপ্তর  
শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম  
সরণি, বিজয়নগর, ঢাকা-১০০০.  
www.dife.gov.bd

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.০০০.৯৯.০০১.১৭.৪৭

তারিখ: ৪ জ্যৈষ্ঠ ১৪২৭

১৮ মে ২০২০

বিষয়: কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিসের গাড়ী অধিযাচনের আওতা বহির্ভূত রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে জরুরী ভিত্তিতে বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের কর্মরত শ্রমিক ও মালিক পক্ষের মধ্যে চলমান বিভিন্ন সমস্যা সমাধানে অগ্রণী ভূমিকা পালন করে থাকে। অধিকন্তু মন্ত্রণালয়ের নির্দেশনা মতে COVID-19 চলাকালীন সময়ে বিশেষ পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে; যে কার্যক্রমের প্রতিবেদনসমূহ দৈনিক ভিত্তিতে মন্ত্রণালয়সহ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় এবং মন্ত্রিপরিষদ সচিব মহোদয় বরাবর প্রেরণ করতে হয়। এ জাতীয় দৈনিক প্রতিবেদন প্রস্তুতির জন্য মাঠ পর্যায়ের DIG, AIG এবং শ্রম পরিদর্শকগণ ফ্যাক্টরীসমূহ নিয়মিত সরেজমিনে পরিদর্শন করেন যেখানে প্রত্যেকটি দপ্তরের গাড়ী ব্যবহৃত হয়। উক্ত দপ্তরের গাড়ী আপনার দপ্তর থেকে অধিযাচন করা হলে পরিদর্শন কার্যক্রমে বিঘ্ন সৃষ্টি হবে এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট যথা সময়ে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করা দুঃসাধ্য হয়ে পড়বে।

এমতাবস্থায়, আপনার দপ্তর থেকে বিষয়টি বিবেচনান্তে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের মাইক্রোবাস গাড়ীটি অধিযাচনের আওতাবহির্ভূত রাখার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

১৮-৫-২০২০

শিবনাথ রায়

মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৮৩৯১৭৩১

জেলা প্রশাসক (সকল)

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.০০০.৯৯.০০১.১৭.৪৭/১(২৬)

তারিখ: ৪ জ্যৈষ্ঠ ১৪২৭  
১৮ মে ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ২) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৩) উপ-মহাপরিদর্শক (সকল) উপমহাপরিদর্শকের কার্যালয়, কালকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ৪) অফিস কপি, প্রধান কার্যালয়



১৮-৫-২০২০

শিবনাথ রায়

মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)